

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৮৬. নিতান্ত কোন বাধ্য-বাধকতা ছাড়াই কোন মৃত ব্যক্তিকে রাত্রি বেলায় দাফন করা

জাবির বিন্ 'আব্দুল্লাহ্ (রাযিয়াল্লাহ্ম আনহ্মা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَدْفِنُوا مَوْتَاكُمْ بِاللَّيْلِ إِلاَّ أَنْ تُضْطَرُّوا

"তোমরা কখনো একান্ত বাধ্য না হলে মৃতদেরকে রাত্রি বেলায় দাফন করো না"।[1] তবে নিতান্ত প্রয়োজনে কোন মৃত ব্যক্তিকে রাতের বেলায় দাফন করা যেতে পারে। আব্দুল্লাহ্ বিন্ 'আববাস্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন:

أَدْخَلَ رَسُوْلُ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلاً قَبْرَهُ لَيْلاً ، وَأَسْرَجَ فِيْ قَبْرهِ

''রাসূল (সা.) জনৈক ব্যক্তিকে রাত্রি বেলায় তার কবরে আলো জ্বালিয়ে তাকে কবরস্থ করেন''।[2]

>

ফুটনোট

- [1] (ইবনু মাজাহ্, হাদীস ১৫৪৩)
- [2] (ইবনু মাজাহ্, হাদীস ১৫৪২)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11336

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন